

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২১-০৭-২০২২

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৮-০৭-২০২২ থেকে ২০-০৭-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

১৮ ই জুলাই :

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির কয়েক জায়গায় ও কালিম্পাও জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

বাগরাকোট : ১৩ ; মূর্তি, নাগরাকাটা : ১১; নেওরা : ৫; বক্রাদুয়ার, গজলডোবা : ৪; দার্জিলিং, মাজিতার, বর্ধমান, দীঘা, কল্যাণী, বসিরহাট, খড়্গপুর, মোহনপুর: ১ .

১৯ শে জুলাই :

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার অধিকাংশ জায়গায় ভারী থেকে অতি ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির অধিকাংশ জায়গায় ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জায়গার আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

মাথাভাঙ্গা : ৯; পুন্ডিবাড়ি, কোচবিহার : ৭ ; বাগডোগরা : ৬ ; বারোভিসা : ৪ , গাজোলডোবা , হাসিমাড়া , নাগরাকাটা, নেওরা, ডায়মন্ড হারবার : ২

২০ শে জুলাই :

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা গাঙ্গেয় পশ্চিমবঙ্গে অবদমিত আছে । পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায় ও জলপাইগুড়ি, কোচবিহার জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয়

সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির অধিকাংশ জায়গায় ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

আলিপুরদুয়ার , বারোভিসা : ৮ , রাজনগর, পুন্ডিবাড়ি : ৭ ; দোমোহানী- ৪

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭৩ থেকে ৯৬ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৪ থেকে ৯৪ শতাংশ ।

সর্বোচ্চ তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ১৮ই ও ২০ শে জুলাই যথাক্রমে কৃষ্ণনগর ও বর্ধমানে ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস ছিল ।

শুষ্ক ও আর্দ্র বায়ুর সম্ভবতা (১৬.০৭.২২ থেকে ২২.০৭.২২ পর্যন্ত)

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৬৭	৩৩	হাওড়া	৬২	৩৮
বীরভূম	৩৪	৩৬	মুর্শিদাবাদ	৭০	৩০
বর্ধমান	৫৩	৪৭	নদীয়া	৬২	৩৮
হুগলি	৭৪	২৬	২৪ পরগনা	৭০	৩০
পুরুলিয়া	৭৬	২৪			

পরবর্তী ৩ দিন (২১-০৭-২০২২ থেকে ২৩-০৭-২০২২ অবধি) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি , কলকাতা , পূর্ব ও পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলাগুলির

অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে।

দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ৩ -

পশ্চিমবঙ্গের জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

সতর্কীকরণ:

দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ৩ -

কোনো সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

২১-০৭-২০২২